



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

কার্যালয়ঃ শিক্ষা বোর্ড ভবন-১, পুলহাট, দিনাজপুর।

www.dinajpureducationboard email: www.dinajpureducationboard@gmail.com

স্মারক নং-

তারিখঃ

বিষয়ঃ স্বীকৃতি নবায়ন প্রসঙ্গে।

সূত্র : অত্র শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক ও উপ-বিদ্যালয় পরিদর্শক মহোদয়ের পরিদর্শনের তারিখঃ ২১/০১/২০১৭ খ্রীঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গী উপজেলাধীন কালমেঘ আর.আলী উচ্চ বিদ্যালয় ও কলেজ এর বিদ্যালয় শাখায় ০১/০১/২০১৮ইং তারিখ হতে ৩১/১২/২০১৯ইং এবং ০১/০১/২০২০ইং তারিখ হতে ৩১/১২/২০২২ইং পর্যন্ত দুই ধাপে মোট ০৫(পাঁচ) বছর সময়ের জন্য নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে স্বীকৃতি নবায়ন করা হলো।

শর্তসমূহঃ

১. শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং অধ্যয়নরত শিক্ষার্থীর নূনতম ১০০% এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
২. এস এস সি পরীক্ষার ফলাফল নূনতম ১০০% এ উন্নীত করতে হবে।
৩. অনতিবিলম্বে শিক্ষক-কর্মচারীদের নামে ভবিষ্যৎ তহবিল চালু করতে হবে।
৪. অভ্যন্তরীণ অডিট কার্যক্রম চালু রাখতে হবে এবং অডিট রিপোর্ট কমিটির সভায় উপস্থাপনপূর্বক অনুমোদন রাখতে হবে।
৫. শিক্ষার সার্বিক মান উন্নয়নের লক্ষ্যে বছরে নূনতম একবার ছাত্র/ছাত্রীর অভিভাবক সমাবেশ করতে হবে।
৬. লাইব্রেরীতে বইয়ের সংখ্যা ২০০০ এ উন্নীত করতে হবে এবং রেজিস্টারের মাধ্যমে বই শিক্ষক-শিক্ষার্থীর মধ্যে বিতরণের ব্যবস্থা করতে হবে।
৭. ছাত্র/ছাত্রী শিক্ষক সমাবেশ জঙ্গী ও ইভটিজিং বিরোধী সচেতনতা সৃষ্টি করতে হবে।

স্বীকৃতি মেয়াদ উত্তীর্ণের ০৩(তিন) মাস পূর্বে যথা নিয়মে নবায়নের জন্য আবেদন করতে হবে। আরোপিত শর্তসমূহ পরিপূরণ জনিত পরিদর্শন প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী মেয়াদকালের জন্য স্বীকৃতি নবায়নের বিষয়টি বিবেচনা করা হবে।

প্রাপক

অধ্যক্ষ

কালমেঘ আর.আলী উচ্চ বিদ্যালয় ও কলেজ

ডাকঃ কালমেঘ উপজেলাঃ বালিয়াডাঙ্গী

জেলাঃ ঠাকুরগাঁও।

স্মারক নং-.....০১৭/০১২১৭ (১)

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল।

- ১। উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
- ২। জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
- ৪। আই.সি.টি ইউনিট (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৫। অফিস কপি।

৯১:

(মোঃ আলতাফ হোসেন)

উপ-বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

তারিখঃ ২০/১২/১৭

(মোঃ আলতাফ হোসেন)

উপ-বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

10.12.17